

বর্ডার গার্ড বাংলাদেশ
প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা : ০৪ ফেব্রুয়ারি ২০১৯

**বিজিবির অভিযানে জানুয়ারি-২০১৯ মাসে ৫০ কোটি ৪১ লক্ষ ৭৬ হাজার টাকার চোরাচালান ও
মাদকদ্রব্য জব্দ**

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) গত জানুয়ারি-২০১৯ মাসে দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ৫০ কোটি ৪১ লক্ষ ৭৬ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য জব্দ করতে সক্ষম হয়েছে। জব্দকৃত মাদকের মধ্যে রয়েছে ৫,২৬,৯৪২ পিস ইয়াবা ট্যাবলেট, ৩৪,৩৮৬ বোতল ফেনসিডিল, ৮,৫০২ বোতল বিদেশী মদ, ৫৭৪ লিটার বাংলা মদ, ১,৩৬৪ ক্যান বিয়ার, ৯২৩ কেজি গাঁজা, এবং ১,৫৮,৩৭০টি এ্যানেগ্রা/সেনেগ্রা ট্যাবলেট। জব্দকৃত অন্যান্য চোরাচালান দ্রব্যের মধ্যে রয়েছে ৩ কেজি ৩৪ গ্রাম স্বর্ণ, ২,৭০২টি শাড়ি, ৭৮৪টি খ্রীপিস/শার্টপিস, ৮১৪টি তৈরী পোশাক, ৩২৬ মিটার খান কাপড়, ২টি কষ্টি পাথরের মূর্তি, ৪০,৯০৫ ঘনফুট কার্ঠ, ১০,০২৬ কেজি চা পাতা, ৪টি ট্রাক, ৭টি পিকআপ, ১২টি সিএনজি চালিত অটোরিক্সা এবং ৪৪টি মোটর সাইকেল। উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ১০টি পিস্তল, ১০টি ওয়ান শূটার গান, ০১টি ওয়ান শূটার পিস্তল, ০১টি দেশীয় বন্দুক, ৬২ রাউন্ড গুলি, ১২টি ম্যাগাজিন এবং ১ কেজি ৭৫০ গ্রাম গান পাউডার। বিজিবি'র অভিযানে মাদক পাচারসহ অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ১৭৫ জন এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ১৪৫ জন বাংলাদেশী নাগরিককে আটক করে থানায় সোপর্দ করা হয়েছে।